



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION
BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

www.bcic.gov.bd

সূত্র নং-৩৬.০১.০২৭.০১.০২.০১০৬.২০১৮/১৬

তারিখঃ ১৪-০১-২০২০খ্রিঃ।

আন্তঃ বিভাগীয় লিপি

প্রেরকঃ
কর্মচারী প্রধান
বিসিআইসি।

প্রাপকঃ
মহাব্যবস্থাপক
আইসিটি বিভাগ
বিসিআইসি।

বিষয়ঃ- পূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট ০২টি আদেশ প্রত্যাহার করে সংযুক্ত আদেশ দুটি প্রতিস্থাপন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৯-০১-২০২০ তারিখে জেএফসিএল এর ০৫ জন কর্মকর্তার বিরুদ্ধে সংস্থা কর্তৃপক্ষ বিভাগীয় মামলার রায় ঘোষণা করেন। উক্ত রায়ে অন্যান্যদের মধ্যে জেএফসিএল এর জনাব মোঃ নিয়ত আলী, রসায়নবিদ এবং জনাব শিমুল মন্ডল, সহকারী প্রকৌশলী (রসায়ন) এর আদেশে তারিখ প্রিন্টিং জণিত ভুল হয়। ইতোমধ্যে তারিখ সংশোধন করা হয়েছে। বর্ণিত ০২ জন কর্মকর্তার তারিখ সংশোধিত আদেশ পুনরায় বিসিআইসি'র ওয়েবসাইটে প্রকাশ এবং ইতোপূর্বে প্রকাশিত বর্ণিত ০২ জন কর্মকর্তার আদেশের কপি ওয়েবসাইট হতে প্রত্যাহারের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক -২ ফর্দ।

(Handwritten signature and date)

(মোঃ মোশতাক আহমেদ)
উপ-কর্মচারী প্রধান (প্রশাসন-৩)
কর্মচারী প্রধানের পক্ষে।
ফোন-৯৫৬২১৪০(০৬০৫)
adm.acop5@bcic.gov.bd

*Pls. upload
S.A-3
1/14/2020*



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION
BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH
www.bcic.gov.bd

নং-৩৬.০১.০২৭.০১.০২.০১০৬.২০১৮/ ১১

তারিখ : ০৯-০১-২০২০ খ্রিঃ।

আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ নিয়ত আলী, রসায়নবিদ, জেএফসিএল, তারাকান্দি, জামালপুর এ কর্মরত আছেন। জেএফসিএল এর এ্যামোনিয়া প্ল্যান্টের অভ্যন্তরে গত ২৭-১১-২০১৮ তারিখ ভোর আনুমানিক ০৫.৪০ ঘটিকায় সংগঠিত অগ্নিকান্ডের জন্য অন্যান্যদের সাথে আপনিও দায়ী মর্মে প্রাথমিক তদন্ত কমিটি প্রতিবেদনে মতামত ব্যক্ত করে। তৎপ্রেক্ষিতে বিধি অনুযায়ী সংস্থা হতে গত ২২-০১-২০১৯ তারিখের নং- ৩৬.০১.০২৭.০১.০২.০১০৬.২০১৮/০৮ দ্বারা আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়। আপনি বর্ণিত অভিযোগনামার জবাব গত ২৩-০২-২০১৯ তারিখ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরে দাখিল করেন। সংস্থা কর্তৃপক্ষ ন্যায় বিচারের স্বার্থে গত ১১-০৩-২০১৯ তারিখ বিভাগীয় তদন্ত কমিটি গঠন করে।

যেহেতু, বিভাগীয় তদন্ত কমিটি সরেজমিন তদন্ত শেষে গত ২৯-০৫-২০১৯ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। বিভাগীয় তদন্ত প্রতিবেদনের মতামত অনুযায়ী আপনি জনাব মোঃ নিয়ত আলী, রসায়নবিদ, জেএফসিএল, তারাকান্দি, সরিষাবাড়ি, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ অভিযুক্ত কর্মকর্তার জবাব ও জবানবন্দী, এ সংক্রান্ত রেকর্ড পত্র, দুর্ঘটনার বাস্তব অবস্থা, সংশ্লিষ্টদের বক্তব্য ও মতামত ও কারিগরী দিক বিচার বিশ্লেষণ ও পর্যালোচনা পূর্বক কমিটির নিকট প্রতিষ্ঠিত হয়েছে। ০৩ নং অভিযোগে ৭০১ কোটি টাকার ক্ষয়-ক্ষতির বিষয়ে কমিটি একমত পোষণ করে না। দুর্ঘটনার ফলে ক্ষয়-ক্ষতির যে পরিমাণ নির্ধারণ করা হয়েছে তা প্রত্যক্ষ এবং পরোক্ষ ক্ষতি বিবেচনা করে করা হয়েছে তা সঠিক মর্মে প্রতীয়মান হয়। সার্বিক বিষয় বিবেচনা করে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ কর্মকর্তা দিয়ে একটি পৃথক কমিটি করে প্রকৃত ক্ষয়-ক্ষতির পরিমাণ পুনঃনিরূপণ করা যেতে পারে বলে কমিটির সাথে কর্তৃপক্ষ একমত পোষণ করে।

যেহেতু, গত ২৯-০৫-২০১৯ তারিখে দাখিলকৃত বিভাগীয় তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সংস্থার অভিযোগ প্রতিষ্ঠিত হয় এবং বিধি মোতাবেক গত ৩০-০৬-২০১৯ তারিখ আপনার বিরুদ্ধে ২য়/চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। আপনি গত ১৭-০৭-২০১৯ তারিখ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২য়/চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। আপনার ২য়/চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনায় নতুন কোন তথ্য পাওয়া যায়নি।

যেহেতু, আপনি জেএফসিএল কারখানার প্ল্যান্ট ইনচার্জ। আপনার বক্তব্যে দেখা যায়, ফ্লো গ্যাসের প্রতি ঘন্টা 140° সে. তাপমাত্রা বৃদ্ধি স্বাভাবিক বলে উল্লেখ করেন। আপনার এ বক্তব্য গ্রহণযোগ্য নয়। কেননা এক্ষেত্রে Previous Practice হচ্ছে 40° সে.-50° সে./ঘন্টা। এ ক্ষেত্রে এই অস্বাভাবিক বৃদ্ধিকে অনুধাবন করে/গুরুত্ব নিয়ে আপনার উচিত ছিল তাৎক্ষনিক কোন ব্যবস্থা গ্রহণ করা কিংবা বিষয়টি উর্ধ্বতন কর্মকর্তাদের অবহিত করা কিন্তু আপনি তা করেননি। আপনি বক্তব্যে উক্ত দুর্ঘটনার কারণ হিসেবে Aging কে দায়ী করেছেন। তবে এর স্বপক্ষে তিনি কমিটির নিকট গ্রহণযোগ্য মনে হয় এমন উপযুক্ত যুক্তি ও প্রমাণ উপস্থাপন করতে পারেননি। রাত্রি পূর্বে Plant Start-up এর নজির কম-বেশি পূর্বেও আছে। তবে এ ক্ষেত্রে অধিক সতর্কতা, নিয়মিত পর্যবেক্ষণ, লোকবলের উপস্থিতি, কন্ট্রোল রুম ও লোকাল ফিল্ডের মধ্যে সমন্বয় ও উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে যোগাযোগ রক্ষা অত্যন্ত জরুরী। এ ক্ষেত্রে এর অভাব পরিলক্ষিত হয়েছে। পালা প্রধান হিসাবে এর দায়-দায়িত্ব আপনি এড়াতে পারেন না।

সেহেতু এক্ষেত্রে, বিভাগীয় তদন্ত কমিটির প্রতিবেদনে আলোচ্য অগ্নিকান্ডের জন্য প্ল্যান্ট ইনচার্জ হিসেবে আপনার বিরুদ্ধে সংস্থার জারীকৃত অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ অর্থাৎ বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৮ (ক) দায়িত্ব পালনে অবহেলা (খ) অসদাচরণ (ঘ) দক্ষতা হারিয়ে ফেলা বা অদক্ষতার অভিযোগ বিভাগীয় তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে।

চলমান পাতা-০২



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION


BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

www.bcic.gov.bd

-০২-

জেএফসিএল-এ আপনার চাকুরীর অভিজ্ঞতা, ভবিষ্যত চাকুরীকাল, চাকুরীকালীন অতীত ইতিহাস পর্যবেক্ষণ এবং সার্বিক বিষয়ে পর্যালোচনাস্তে আপনার কৃত অপরাধের গুরুত্ব বিবেচনায় বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ এর বিধি ৩৯ (১) (খ) এর (অ) মোতাবেক গুরুদত্ত আগামী ০২ বছরের জন্য “বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ” এর দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২/১২/২০২০

(মোঃ হাইয়ুল কাইয়ুম)

চেয়ারম্যান

বিসিআইসি, ঢাকা।

ফোন নং- ৯৫৬৪১৫৩

E-mail: chairman.bcic@gmail.com

প্রাপকঃ

জনাব মোঃ নিয়ত আলী
রসায়নবিদ (এ্যামোনিয়া শাখা)
এমপ্লয়ী নং- ৬৩০০-৮
জেএফসিএল
তারাকান্দি, জামালপুর।

অনুলিপিঃ

- ১। পরিচালক (), বিসিআইসি/ব্যবস্থাপনা পরিচালক (সকল) -----।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, জেএফসিএল, তারাকান্দি, জামালপুর।
- ৩। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি।
- ৪। মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি-নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ।
- ৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-১), কর্মচারী বিভাগ, বিসিআইসি।
- ৬। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-২), কর্মচারী বিভাগ, বিসিআইসি।
- ৭। নোটিশ নোর্ড (সকল)।
- ৮। দপ্তর নথি।
- ৯। মহানথি।